



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd




স্মারক নং- ওএম/৭৪/ম/১৪- ২৭৮৪

তারিখ: ২৭/১০/২০২২ খ্রি.

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে চুক্তিভিত্তিক প্রতিষ্ঠান প্রধান নিয়োগ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ১১.১১ ধারায় “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের চাকরিতে প্রথম প্রবেশের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর। তবে সমপদে বা উচ্চতর পদে (উচ্চতর পদ বলতে শুধু প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান বুঝাবে) নিয়োগের ক্ষেত্রে ইনডেফাইন্ডের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ ৬০ (ষাট) বছর পর্যন্ত প্রদেয় হবে। তবে ঐতহ্যবাহী ও মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের স্বার্থে এবং সরকারের কোন আর্থিক সুবিধা/এমপিও না নেয়ার শর্তে সরকারের অনুমোদনক্রমে শুধু প্রতিষ্ঠান প্রধানের ক্ষেত্রে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে। এক্ষেত্রে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে আর্থিকসহ সকল দায়ভার বহন করতে হবে এবং সরকার এর কোনো দায় বহন করবে না। এমপিওভুক্ত কোনো শিক্ষা প্রতিষ্ঠানে এ ধরনের চুক্তিভিত্তিক প্রতিষ্ঠান প্রধানের মেয়াদ সরকারের আর্থিক সংশ্লিষ্টতা না থাকলেও কোনক্রমেই ৬৫ (পঁয়ষট্টি) বছরের বেশি হতে পারবে না” মর্মে প্রতিষ্ঠান প্রধান পদে চুক্তিভিত্তিক নিয়োগের বিধান রাখা হয়েছে।

২। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে, জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ১১.১১ ধারায় অনুসৃত বিষয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অবসরপ্রাপ্ত অধ্যক্ষ/প্রধান শিক্ষকদের কোনো বিধি-বিধান না মেনে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হচ্ছে এবং তা অনুমোদনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করা হচ্ছে। এক্ষেত্রে চুক্তিভিত্তিক অধ্যক্ষ/প্রধান শিক্ষক নিয়োগের ক্ষেত্রে উক্ত শিক্ষক বিধি অনুযায়ী ৬০ (ষাট) বছর পূর্তিতে অবসরে গেলে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬; তারিখ: ০৬ জুন ২০১১ এবং স্মারক নং- শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪; তারিখ: ০৯ জুলাই ২০১২ অনুযায়ী অধ্যক্ষ/প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে সহকারী প্রধান শিক্ষক-কে প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষকের দায়িত্বভার অর্পণ করতে হবে। কোনো প্রতিষ্ঠানে সহকারী প্রধান শিক্ষক না থাকলে জ্যেষ্ঠ শিক্ষক-কে অধ্যক্ষ/প্রধান শিক্ষকের দায়িত্বভার অর্পণ করতে হবে। তবে পরবর্তীতে অধ্যক্ষ/প্রধান শিক্ষক পদে চুক্তিভিত্তিক নিয়োগের বিষয়টি সরকারের চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে তিনি উক্ত পদের দায়িত্বভার গ্রহণ করতে পারবেন।


(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক
☎ ০২-২২৩৩৫১০৫৭

বিতরণ:

- ১। সভাপতি, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি
বেসরকারি স্কুল এন্ড কলেজ/বেসরকারি নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় (সকল)
- ২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
বেসরকারি স্কুল এন্ড কলেজ/বেসরকারি নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল
- ৩। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ৭। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
- ৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
- ৯। সংরক্ষণ নথি